আত্ব তূর	AtToor	اَلطُّور
পরম করুণাময় ও অসিম দয়ালু আল্লাহর নামে শুরু করছি	In the name of Allah, Most Gracious, Most Merciful.	بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ
1. কসম তূরপর্বতের,	1. By the Mount.	وَالطُّوۡرِ ۙ﴿۱﴾
2. এবং লিখিত কিতাবের,	2. And a Scripture inscribed.	وَ کِتٰبٍ مَّسۡطُوۡرٍ ۙ﴿۲﴾
3. প্রশস্ত পত্রে,	3. In parchment unrolled.	فِیۡ رَقٍّ مَّنۡشُوۡرٍ ۙ﴿۳﴾
4. কসম বায়তুল-মামুর তথা আবাদ গৃহের,	4. And the frequented House.	وَّ الۡبَیۡتِ الۡمَعۡمُوۡرِ ۙ﴿۴﴾
5. এবং সমুন্নত ছাদের,	5. And the roof exalted.	وَ السَّقۡفِ الۡمَرۡفُوۡعِ ۙ﴿۵﴾
6. এবং উত্তাল সমুদ্রের,	6. And the surging ocean.	وَ الۡبَحۡرِ الۡمَسۡجُوۡرِ ۙ﴿۶﴾
7. আপনার পালনকর্তার শাস্তি অবশ্যম্ভাবী,	7. Indeed, the punishment of your Lord will occur.	اِنَّ عَذَابَ رَبِّکَ لَوَاقِعٌ ۙ﴿۷﴾
8. তা কেউ প্রতিরোধ করতে পারবে না।	8. There is none to avert it.	مَّا لَہٗ مِنۡ دَافِعٍ ۙ﴿۸﴾
9. সেদিন আকাশ প্রকম্পিত হবে প্রবলভাবে।	9. On the Day the heaven will shake with a dreadful shaking.	یَّوۡمَ تَمُوۡرُ السَّمَآءُ مَوۡرًا ۙ﴿۹﴾
10. এবং পর্বতমালা হবে চলমান,	10. And the mountains will move away, an (awful) moving.	وَّ تَسِیۡرُ الۡجِبَالُ سَیۡرًا ﴿ؕ۱۰﴾

11. সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে,	11. Then woe on that Day to the deniers.	فَوَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿١١﴾
12. যারা ক্রীড়াচ্ছলে মিছেমিছি কথা বানায়।	12. Those who play (amuse) in (useless) arguments.	الَّذِيْنَ هُمْ فِيْ خَوْضٍ يَّلْعَبُوْنَ ﴿١٢﴾
13. সেদিন তোমাদেরকে জাহান্নামের অগ্নির দিকে ধাক্কা মেরে মেরে নিয়ে যাওয়া হবে।	13. The day they are thrust towards the fire of Hell with a (disdainful) thrust.	يَوْمَ يُدَعُّوْنَ اِلٰى نَارِ جَهَنَّمَ دَعًّا ﴿١٣﴾
14. এবং বলা হবেঃ এই সেই অগ্নি, যাকে তোমরা মিথ্যা বলতে,	14. (It will be said): “This is that Fire which you used to deny.”	هٰذِهِ النَّارُ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿١٤﴾
15. এটা কি জাদু, না তোমরা চোখে দেখছ না?	15. “Then is this magic, or do you not see.”	اَفَسِحْرٌ هٰذَآ اَمْ اَنْتُمْ لَا تُبْصِرُوْنَ ﴿١٥﴾
16. এতে প্রবেশ কর অতঃপর তোমরা সবর কর অথবা না কর, উভয়ই তোমাদের জন্য সমান। তোমরা যা করতে তোমাদেরকে কেবল তারই প্রতিফল দেয়া হবে।	16. “(Enter to) burn therein, then be patient or impatient. It is all the same for you. You are only being paid (for) what you used to do.”	اِصْلَوْهَا فَاصْبِرُوْٓا اَوْ لَا تَصْبِرُوْا سَوَآءٌ عَلَيْكُمْ اِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٦﴾
17. নিশ্চয় খোদাভীরুরা থাকবে জান্নাতে ও নেয়ামতে।	17. Indeed, the righteous shall be in gardens and delight.	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّنَعِيْمٍ ﴿١٧﴾
18. তারা উপভোগ করবে যা তাদের পালনকর্তা তাদের দেবেন এবং তিনি জাহান্নামের আযাব থেকে তাদেরকে রক্ষা করবেন।	18. Rejoicing in what their Lord has given them. And their Lord saved them from the punishment of Hell.	فٰكِهِيْنَ بِمَآ اٰتٰىهُمْ رَبُّهُمْ وَوَقٰىهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيْمِ ﴿١٨﴾

19. তাদেরকে বলা হবেঃ তোমরা যা করতে তার প্রতিফলস্বরূপ তোমরা তৃপ্ত হয়ে পানাহার কর।	19. Eat and drink with happiness because of what you used to do.	كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـئًۢا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۙ(19)
20. তারা শ্রেণীবদ্ধ সিংহাসনে হেলান দিয়ে বসবে। আমি তাদেরকে আয়তলোচনা হুরদের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ করে দেব।	20. Reclining on couches, facing each other, and We shall marry them to fair ones with beautiful eyes.	مُتَّكِـِٕيْنَ عَلٰى سُرُرٍ مَّصْفُوْفَةٍ ۚ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ (20)
21. যারা ঈমানদার এবং যাদের সন্তানরা ঈমানে তাদের অনুগামী, আমি তাদেরকে তাদের পিতৃপুরুষদের সাথে মিলিত করে দেব এবং তাদের আমল বিন্দুমাত্রও হ্রাস করব না। প্রত্যেক ব্যক্তি নিজ কৃত কর্মের জন্য দায়ী।	21. And those who believed and whose offspring followed them in faith, We shall join with them their offspring, and We shall not deprive them of anything of their deeds. Every person is a pledge for what he has earned.	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِاِيْمَانٍ اَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَآ اَلَتْنٰهُمْ مِّنْ عَمَلِهِمْ مِّنْ شَيْءٍ ؕ كُلُّ امْرِئٍۢ بِمَا كَسَبَ رَهِيْنٌ (21)
22. আমি তাদেরকে দেব ফল-মূল এবং মাংস যা তারা চাইবে।	22. And We shall provide them with fruits and meat, such as they may desire.	وَاَمْدَدْنٰهُمْ بِفَاكِهَةٍ وَّلَحْمٍ مِّمَّا يَشْتَهُوْنَ (22)
23. সেখানে তারা একে অপরকে পানপাত্র দেবে; যাতে অসার বকাবকি নেই এবং পাপকর্মও নেই।	23. They shall pass hand to hand therein a cup (of wine), wherein is no vanity, nor a cause of sin.	يَتَنَازَعُوْنَ فِيْهَا كَاْسًا لَّا لَغْوٌ فِيْهَا وَلَا تَاْثِيْمٌ (23)
24. সুরক্ষিত মোতিসদৃশ কিশোররা তাদের সেবায় ঘুরাফেরা করবে।	24. And there will go round to them servants for them, as if they were guarded pearls.	وَيَطُوْفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَاَنَّهُمْ لُؤْلُؤٌ مَّكْنُوْنٌ (24)

25. তারা একে অপরের দিকে মুখ করে জিজ্ঞাসাবাদ করবে।	25. And some of them will approach unto others, questioning.	وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٥﴾
26. তারা বলবেঃ আমরা ইতিপূর্বে নিজেদের বাসগৃহে ভীত-কম্পিত ছিলাম।	26. They will say: “Indeed, we were before this among our people, in fear and dread.”	قَالُوْٓا اِنَّا كُنَّا قَبْلُ فِيْٓ اَهْلِنَا مُشْفِقِيْنَ ﴿٢٦﴾
27. অতঃপর আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন এবং আমাদেরকে আগুনের শাস্তি থেকে রক্ষা করেছেন।	27. “So Allah has conferred favor upon us and has saved us from the punishment of the scorching wind.”	فَمَنَّ اللّٰهُ عَلَيْنَا وَوَقٰىنَا عَذَابَ السَّمُوْمِ ﴿٢٧﴾
28. আমরা পূর্বেও আল্লাহকে ডাকতাম। তিনি সৌজন্যশীল, পরম দয়ালু।	28. “Indeed, we used to call upon Him before. Indeed, it is He who is the Beneficent, the Merciful.”	اِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوْهُ ؕ اِنَّهٗ هُوَ الْبَرُّ الرَّحِيْمُ ﴿٢٨﴾
29. অতএব, আপনি উপদেশ দান করুন। আপনার পালনকর্তার কৃপায় আপনি অতীন্দ্রিয়বাদী নন এবং উম্মাদও নন।	29. So remind, for you are not, by the favor of your Lord, a soothsayer, nor a madman.	فَذَكِّرْ فَمَآ اَنْتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَّلَا مَجْنُوْنٍ ؕ ﴿٢٩﴾
30. তারা কি বলতে চায়ঃ সে একজন কবি আমরা তার মৃত্যু-দুর্ঘটনার প্রতীক্ষা করছি।	30. Or do they say: “A poet, we await for whom the misfortune turn of time.”	اَمْ يَقُوْلُوْنَ شَاعِرٌ نَّتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ ﴿٣٠﴾
31. বলুনঃ তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষারত আছি।	31. Say: “Wait, for indeed, I am with you among those waiting.”	قُلْ تَرَبَّصُوْا فَاِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُتَرَبِّصِيْنَ ؕ ﴿٣١﴾
32. তাদের বুদ্ধি কি এ বিষয়ে তাদেরকে আদেশ করে, না তারা সীমালংঘনকারী সম্প্রদায়?	32. Or do their minds command them to this, or are they a people who have transgressed all limits.	اَمْ تَاْمُرُهُمْ اَحْلَامُهُمْ بِهٰذَآ ج اَمْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ﴿٣٢﴾

33. না তারা বলেঃ এই কোরআন সে নিজে রচনা করেছে? বরং তারা অবিশ্বাসী।	33. Or do they say: “He has made it up.” Nay, but they do not believe.	اَمۡ یَقُوۡلُوۡنَ تَقَوَّلَهٗ ۚ بَلۡ لَّا یُؤۡمِنُوۡنَ ﴿۳۳﴾
34. যদি তারা সত্যবাদী হয়ে থাকে, তবেএর অনুরূপ কোন রচনা উপস্থিত করুক।	34. Then let them produce a statement like it, if they are truthful.	فَلۡیَاۡتُوۡا بِحَدِیۡثٍ مِّثۡلِهٖۤ اِنۡ کَانُوۡا صٰدِقِیۡنَ ﴿ؕ۳۴﴾
35. তারা কি আপনা-আপনিই সৃজিত হয়ে গেছে, না তারা নিজেরাই স্রষ্টা?	35. Or were they created by nothing, or were they (themselves) the creators.	اَمۡ خُلِقُوۡا مِنۡ غَیۡرِ شَیۡءٍ اَمۡ هُمُ الۡخٰلِقُوۡنَ ﴿ؕ۳۵﴾
36. না তারা নভোমন্ডল ও ভূমন্ডল সৃষ্টি করেছে? বরং তারা বিশ্বাস করে না।	36. Or did they create the heavens and the earth. Nay, but they have no firm belief.	اَمۡ خَلَقُوا السَّمٰوٰتِ وَ الۡاَرۡضَ ۚ بَلۡ لَّا یُوۡقِنُوۡنَ ﴿ؕ۳۶﴾
37. তাদের কাছে কি আপনার পালনকর্তার ভান্ডার রয়েছে, না তারাই সবকিছুর তত্বাবধায়ক?	37. Or do they possess the treasures of your Lord. Or is it they who control them.	اَمۡ عِنۡدَهُمۡ خَزَآئِنُ رَبِّکَ اَمۡ هُمُ الۡمُصَۜیۡطِرُوۡنَ ﴿ؕ۳۷﴾
38. না তাদের কোন সিঁড়ি আছে, যাতে আরোহণ করে তারা শ্রবণ করে? থাকলে তাদের শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক।	38. Or for them is a stairway (unto heaven) by means of which they listen. Then let their listener produce a manifest authority.	اَمۡ لَهُمۡ سُلَّمٌ یَّسۡتَمِعُوۡنَ فِیۡهِ ۚ فَلۡیَاۡتِ مُسۡتَمِعُهُمۡ بِسُلۡطٰنٍ مُّبِیۡنٍ ﴿ؕ۳۸﴾
39. না তার কন্যা-সন্তান আছে আর তোমাদের আছে পুত্রসন্তান?	39. Or for Him are daughters and for you sons.	اَمۡ لَهُ الۡبَنٰتُ وَ لَکُمُ الۡبَنُوۡنَ ﴿ؕ۳۹﴾
40. না আপনি তাদের কাছে পারিশ্রমিক চান যে, তাদের উপর জরিমানার বোঝা চেপে বসে?	40. Or do you ask them a payment so they are burdened with a load of debt.	اَمۡ تَسۡـَٔلُهُمۡ اَجۡرًا فَهُمۡ مِّنۡ مَّغۡرَمٍ مُّثۡقَلُوۡنَ ﴿ؕ۴۰﴾

41. না তাদের কাছে অদৃশ্য বিষয়ের জ্ঞান আছে যে, তারাই তা লিপিবদ্ধ করে?	**41. Or do they possess the Unseen so they write (it) down.**	اَمۡ عِنۡدَهُمُ الۡغَيۡبُ فَهُمۡ يَكۡتُبُوۡنَ ؕ ﴿۴۱﴾
42. না তারা চক্রান্ত করতে চায়? অতএব যারা কাফের, তারাই চক্রান্তের শিকার হবে।	**42. Or do they intend a plot. But those who disbelieve, they are in a plot themselves.**	اَمۡ يُرِيۡدُوۡنَ كَيۡدًا ؕ فَالَّذِيۡنَ كَفَرُوۡا هُمُ الۡمَكِيۡدُوۡنَ ؕ ﴿۴۲﴾
43. না তাদের আল্লাহ তা'আলা ব্যতীত কোন উপাস্য আছে? তারা যাকে শরীক করে, আল্লাহ তা'আলা তা থেকে পবিত্র।	**43. Or do they have a god other than Allah. Glorified be Allah above what they associate as partners.**	اَمۡ لَهُمۡ اِلٰهٌ غَيۡرُ اللّٰهِ ؕ سُبۡحٰنَ اللّٰهِ عَمَّا يُشۡرِكُوۡنَ ﴿۴۳﴾
44. তারা যদি আকাশের কোন খন্ডকে পতিত হতে দেখে, তবে বলে এটা তো পুঞ্জীভুত মেঘ।	**44. And if they see a fragment from the heaven falling down, they would say: "A heap of clouds."**	وَاِنۡ يَّرَوۡا كِسۡفًا مِّنَ السَّمَآءِ سَاقِطًا يَّقُوۡلُوۡا سَحَابٌ مَّرۡكُوۡمٌ ﴿۴۴﴾
45. তাদেরকে ছেড়ে দিন সেদিন পর্যন্ত, যেদিন তাদের উপর বজ্রাঘাত পতিত হবে।	**45. So leave them until they meet their Day, that in which they will be struck down.**	فَذَرۡهُمۡ حَتّٰى يُلٰقُوۡا يَوۡمَهُمُ الَّذِىۡ فِيۡهِ يُصۡعَقُوۡنَ ۙ ﴿۴۵﴾
46. সেদিন তাদের চক্রান্ত তাদের কোন উপকারে আসবে না এবং তারা সাহায্যপ্রাপ্তও হবে না।	**46. The Day their plot will not avail them anything, nor will they be helped.**	يَوۡمَ لَا يُغۡنِىۡ عَنۡهُمۡ كَيۡدُهُمۡ شَيۡـًٔا وَّلَا هُمۡ يُنۡصَرُوۡنَ ؕ ﴿۴۶﴾
47. গোনাহগারদের জন্যে এছাড়া আরও শাস্তি রয়েছে, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।	**47. And indeed, for those who have wronged, there is a punishment beyond that, but most of them do not know.**	وَاِنَّ لِلَّذِيۡنَ ظَلَمُوۡا عَذَابًا دُوۡنَ ذٰلِكَ وَلٰـكِنَّ اَكۡثَرَهُمۡ لَا يَعۡلَمُوۡنَ ﴿۴۷﴾

48. আপনি আপনার পালনকর্তার নির্দেশের অপেক্ষায় সবর করুন। আপনি আমার দৃষ্টির সামনে আছেন এবং আপনি আপনার পালনকর্তêার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করুন যখন আপনি গাত্রোত্থান করেন।	**48. And be patient for the decision of your Lord, for indeed, you are in Our sight. And glorify your Lord with His praise when you rise up.**	وَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ فَإِنَّكَ بِأَعْيُنِنَا وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ حِينَ تَقُومُ ﴿٤٨﴾
49. এবং রাত্রির কিছু অংশে এবং তারকা অস্তমিত হওয়ার সময় তাঁর পবিত্রতা ঘোষণা করুন।	**49. And in the night glorify Him and at the setting of the stars.**	وَمِنَ اللَّيْلِ فَسَبِّحْهُ وَإِدْبَارَ النُّجُومِ ﴿٤٩﴾